গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়
অভ্যন্তরীণ সম্পদ বিভাগ
(আয়কর)

প্রজ্ঞাপন

তারিখ: ০৯ আশ্বিন ১৪২৫ বঙ্গাব্দ/২৪ সেপ্টেম্বর ২০১৮ খ্রিস্টাব্দ

এস,আর,ও নং ২৭৫/আইন/আয়কর/২০১৮।—Income-tax Ordinance, 1984 (Ordinance No. XXXVI of 1984), অতঃপর উক্ত Ordinance বলিয়া উল্লিখিত, এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার, নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে, ৫ (পাঁচ) বৎসরের জন্য, "এএফসি হেলথ লিঃ" এর স্বাস্থ্যসেবা কার্যক্রম হইতে উদ্ভূত আয়কে উক্ত Ordinance এর অধীন আরোপণীয় আয়কর প্রদান হইতে এতদ্দ্বারা অব্যাহতি (exemption) প্রদান করিল, যথা:—

শর্তসমূহ:

(ক) এই প্রজ্ঞাপনের মাধ্যমে কর অব্যাহতিপ্রাপ্ত সম্পূর্ণ আয় "এএফসি হেলথ লিঃ" এর স্বাস্থ্যসেবা কার্যক্রমে ব্যবহার করিতে হইবে;

(খ) অভ্যন্তরীণ সম্পদ বিভাগের এস,আর,ও নং-১৬২-/আইন/আয়কর/২০১৮, তারিখ: ২৯ মে, ২০১৮ খ্রিস্টাব্দ এর মাধ্যমে প্রদত্ত আয়কর অব্যাহতি সুবিধা এই প্রজ্ঞাপনের বাহিরে পৃকভাবে বিবেচনা করিতে হইবে; এবং

(গ) উক্ত "এএফসি হেলথ লিঃ" কে উক্ত Ordinance এর section 75 এ নির্ধারিত সময়ের মধ্যে নিরীক্ষা বিবরণীসহ আয়কর রিটার্ন দাখিল করিতে হইবে।

২। ইহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে
মোঃ মোশাররফ হোসেন ভূঁইয়া, এনডিসি
সিনিয়র সচিব।

Md Sajid Hossain Shimanto · smartaccountantbd.com